**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**
**ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন**
১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮
ই-মেইল: deanoffice.fsa@bsmrmu.edu.bd,ওয়েবঃ www.bsmrmu.edu.bd

## খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এর ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন অধীন মাস্টার ইন পোর্ট এন্ড শিপিং ম্যানেজমেন্ট (অনলাইন মাস্টার্স প্রোগ্রাম) এর মে ২০২৪ সেমিস্টারের নিম্নলিখিত বিষয়সমূহের জন্য খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে **৩০ মে ২০২৪** তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

২। **বিষয়ঃ**

MPSM 533: Strategic Maritime Management (42 Credit Hours)

৩। **শিক্ষাগতযোগ্যতাঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল /সমমানডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত নূন্যতম ০৩টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।

৪। **অভিজ্ঞতাঃ**

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হইবেন।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে ন্যুনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যুনতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যুনতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হইবেন।

গ। সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, পোর্ট অপারেশন্স, প্লানিং, শিপ ব্রোকিং, চার্টারিং, ফ্রেইট ম্যানেজমেন্ট, মেরিটাইম সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং এবং অর্গানোগ্রামভুক্ত যে সকল বিষয়ে পেশাগত শিক্ষক সহজে পাওয়া যায় না, সে সকল বিষয়সহ অন্যান্য পেশাগত বিষয় সংযুক্ত করত: কর্পোরেট সংস্থা/সরকারি সংস্থা হতে যোগ্য ব্যক্তি/ব্যক্তিবর্গকে শিক্ষক হিসাবে নির্বাচন করার ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

(১) সরকারী সংস্থায় কর্মরত প্রফেশনালসগণ নিজ প্রতিষ্ঠানে যে পদ/গ্রেডে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদ/গ্রেডে নিযুক্ত হইবেন।

(২) কর্পোরেট সংস্থায় নিয়োজিত প্রফেশনাল্সদের ক্ষেত্রে ন্যুনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যুনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যুনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করার জন্য বিবেচিত হইবেন।

ঘ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ছাড়পত্র থাকিতে হইবে।

৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করিতে হইবে।

৭। অনলাইন প্লাটফর্মে ক্লাস পরিচালনা, অ্যাসাইনমেন্ট ও ক্লাসটেস্ট গ্রহণ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। একটি সেমিস্টারে একটি কোর্স প্রদানের জন্য খন্ডকালীন শিক্ষক হিসাবে নিয়োজিত শিক্ষকগণকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হইবেঃ

| ক্র. নং | পদবী | সম্মানী (প্রতি ক্রেডিট আওয়ার হিসেবে) | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক | ২,১০০.০০ | সকল সম্মানী উৎসে আয়কর কর্তনযোগ্য। বিধি মোতাবেক অন্যান্য পারিতোষিক প্রাপ্য হবেন। |
| ২। | সহযোগী অধ্যাপক | ২,০০০.০০ | |
| ৩। | সহকারী অধ্যাপক | ১,৮০০.০০ | |
| ৪। | প্রভাষক | ১,৬০০.০০ | |

(**বিশেষ দ্রষ্টব্যঃ** আগ্রহী প্রার্থীগণ ০২ সেট আবেদন পত্রের ০১ সেট রেজিস্ট্রার অফিস বরাবর এবং ০১ সেট ডিন অফিস, ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন বরাবর প্রেরণ করিবেন।)

BSMR MARITIME UNIVERSITY
Date 20.5.24

E:\696- Online Master Programme\Course distribution\1.3\Advertisement.docx